# AKASHVANI (AIR)
## RNU : KOLKATA
## Bengali Text Bulletin

**Date: 01.08.2024** **Time: 7.50 P.M.**

---

বিশেষ বিশেষ খবরঃ-

১) কেন্দ্রের নতুন তিনটি ফৌজদারি আইন নিয়ে রাজ্য সরকার গঠিত কমিটির রিপোর্ট পাওয়ার পরই, এব্যাপারে পরবর্তী পদক্ষেপ নেওয়া হবে বলে আইন মন্ত্রী আজ বিধানসভায় জানিয়েছেন।

২) স্বাস্থ্য পরিকাঠামো সহ বিভিন্ন ক্ষেত্রে উত্তরবঙ্গের প্রতি বঞ্চনার প্রতিবাদে বিজেপি বিধায়করা আজ বিধানসভায় আম্বেদকর মূর্তির পাদদেশে ধর্না অবস্থানে সামিল হন।

৩) সুপ্রিম কোর্ট বলেছে, অনগ্রসর শ্রেণীগুলির মধ্যে আরো বেশী প্রান্তিক মানুষদের পৃথক সংরক্ষণ দেওয়ার জন্য তপশীলি জাতি ও উপজাতির মধ্যে উপগোষ্ঠীগত বিভাজন অনুমোদনযোগ্য।

৪) গাঙ্গেয় পশ্চিমবঙ্গ ও সংলগ্ন দক্ষিণ বাংলাদেশের ওপর সৃষ্ট ঘূর্ণাবর্ত এবং মৌসুমী অক্ষরেখার প্রভাবে কলকাতা সহ দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলায় রবিবার পর্যন্ত বৃষ্টির পূর্বাভাস। এর ফলে বৃষ্টির ঘাটতি অনেকটাই কমেছে।

৫) মোহনবাগান অস্ট্রেলিয়ার ফুটবলার দিমিত্রি পেত্রাতোসের আরো দু বছর চুক্তি হয়েছে।

---------------------------------------------------------------------------------

কেন্দ্রের নতুন তিন ফৌজদারি আইন  রাজ্য সরকার গঠিত কমিটি পুঙ্খানুপুঙ্খ ভাবে পর্যালোচনা করছে।  কমিটির রিপোর্ট পাওয়ার পরেই রাজ্য সরকার এ ব্যপারে পরবর্তী পদক্ষেপ করবে বলে আইন মন্ত্রী মলয় ঘটক জানিয়েছেন। বিধানসভায় আজ নতুন তিন ফৌজদারি আইন সংশোধনের দাবিতে আনা সরকারি প্রস্তাবের ওপর  দ্বিতীয় দিনের আলোচনা শেষে জবাবী ভাষনে আইন মন্ত্রী বলেন, নতুন তিন ফৌজদারি আইন ঔপনিবেশিক বিচার ব্যবস্থা থেকে মুক্তি দেবে বলে মনে করা হচ্ছে। অথচ নতুন ৩ আইনের অধিকাংশ ধারাই পুরনো দন্ড সংহিতা থেকে হুবহু নকল করা হয়েছে। বরং বেশ কিছু দমনমূলক ধারা ঔপনিবেশিক শাসকদেরও ছাপিয়ে গিয়েছে। এই সমস্ত বিষয়ই বিচারপতি অসীম কুমার রায়ের নেতৃত্বাধীন কমিটি পর্যালোচনা করে দেখছে। কেন্দ্রীয় আইন হলেও প্রয়োজন বুঝলে রাজ্য বিধানসভার ঐ তিন আইনে পরিমার্জন ও সংশোধন করার ক্ষমতা রয়েছে বলে আইন মন্ত্রী জানান। তিনি বলেন, এদেশে স্বাধীনতার পর থেকে প্রণয়ন হওয়া সমস্ত আইনের ক্ষেত্রেই আইন কমিশনের সুপারিশ গ্রহণ করা হয়েছে। এর একমাত্র ব্যতিক্রম নতুন তিনটি ফৌজদারি আইন। আইন প্রণয়নের আগে কেন্দ্রীয় সরকার সমস্ত মহলে আলোচনার কথা বললেও বিচার বিভাগের অন্যতম অংশীদার আইনজীবীদের সংগঠনের কোনো মতামতই গ্রহণ করা হয়নি। উল্টে ১৪৭ জন সাংসদকে সাসপেন্ড করে গায়ের জোরে কেন্দ্রীয় সরকার এই আইন প্রণয়ন করেছে। রাজ্য সরকার যার ঘোর বিরোধী।

এর আগে আলোচনায় অংশ নিয়ে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী সরকারপক্ষের আনা প্রস্তাবের তীব্র বিরোধিতা করেন। তিনি বলেন, কেন্দ্রের বিরুদ্ধে গায়ের জোরে আইন পাস করানোর অভিযোগ সত্যের অপলাপ ছাড়া আর কিছুই নয়। এ ব্যাপারে রাজ্যের সরকারের মতামত নিতে কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রকের সঙ্গে মুখ্যমন্ত্রীর বার বার চিঠি চালাচালির খতিয়ানও তিনি সভায় তুলে ধরেন। বিরোধী দলনেতা এও

অভিযোগ করেন, নতুন ফৌজদারি আইনে পুলিশকে ব্যবহার করে বিরোধীদের উপর অত্যাচার করার ক্ষমতা শাসকদলের হাত থেকে কেড়ে নেওয়া হয়েছে। সেই জন্যেই তাদের গাত্রদাহ হচ্ছে।

ইতিমধ্যেই দেশজুড়ে লাগু হওয়া ফৌজদারি আইন নিয়ে বিধানসভায় আলোচনা করা, সময় নষ্ট ছাড়া আর কিছুই নয়। এর আগে দীপক বাউরী, দেবব্রত মজুমদার, অগ্নিমিত্রা পাল সহ সহ সরকার ও বিরোধীপক্ষের সদস্যরা এই প্রস্তাবের ওপর আলোচনায় অংশ নেন। দুদিনের আলোচনা শেষে তিনটি ফৌজদারি আইন সংশোধনের দাবিতে আনা প্রস্তাব ধ্বনি ভোটে বিধানসভায় গৃহীত হয়।

---------------------------

বাংলা ভাগের চেষ্টার অভিযোগকে সামনে রেখে আগামী সোমবার ৫ ই আগস্ট সরকার পক্ষের তরফে বিধানসভায় নিন্দা প্রস্তাব হচ্ছে। সভার অধিবেশন পরিচালনা বিধির ১৮৫ নম্বর ধারায় এই প্রস্তাব আনা হয়েছে বলে বিধানসভার বুলেটিনে আজ জানা গেছে। প্রস্তাবে উল্লেখ করা হয়েছে, বাংলা ভাগের অপচেষ্টা চলেছে এবং এই ধরনের উদ্যোগ থেকে বিরত থাকার জন্য বিধানসভা রাজ্য সরকারের মাধ্যমে কেন্দ্রীয় সরকারের কাছে অনুরোধ জানাচ্ছে।

প্রস্তাবের শেষ অংশে রাজ্যের সব শ্রেণির ঐক্য, সংহতি, শান্তি ও সম্প্রীতি রক্ষার স্বার্থে পশ্চিমবঙ্গকে অটুট রাখার জন্য সর্বস্তরের জনগণের কাছে আবেদন জানানো হয়।

প্রস্তাবে নাম না করে সুকান্ত মজুমদার এবং নিশিকান্ত দুবের মন্তব্যেরও উল্লেখ করা হয়েছে।

এদিকে, বিজেপি এই বঙ্গভঙ্গ বিরোধী প্রস্তাবের বিরোধিতা করেছে। কলকাতায় আজ সাংবাদিকদের প্রশ্নের উত্তরে দলের প্রাক্তন রাজ্য সভাপতি, সাংসদ দিলীপ ঘোষ বলেছেন, তাদের দল বাংলা ভাগের চেষ্টা করছে বলে যে প্রচার চলেছে, তা ঠিক নয়।

বিজেপির তরফে কোথাও বঙ্গভঙ্গের প্রস্তাব বা প্রতিশ্রুতি দেওয়া হয়নি। যখন প্রকৃত বঙ্গভঙ্গ হয়েছিল, তখন বিধানসভায় তার বিরুদ্ধে আলোচনা হয়েছিল কিনা, তিনি সেই প্রশ্নও তোলেন।

শ্রী ঘোষ আরও বলেন, এই পশ্চিমবঙ্গের জন্য শ্যামাপ্রসাদ মুখোপাধ্যায়ের গুরুত্বপূর্ণ অবদান রয়েছে। তাই এই রাজ্যের প্রতি বিজেপির আবেগ কারোর থেকে কম নয়। তবে যারা বিভাজনের রাজনীতি করে ভোটে জিততে চায় তাদের থেকে সবার সাবধান থাকা উচিত। তিনি অভিযোগ করেন, কেন্দ্রীয় সরকার উত্তরবঙ্গের উন্নয়নে অর্থ দিলেও রাজ্য সরকার সেই অর্থ নিয়ে নেয়।

উত্তরবঙ্গের এই বঞ্চনার বিরুদ্ধে প্রতিবাদ এবং উন্নয়নের প্রস্তাব দেওয়া হলেই তা বঙ্গভঙ্গের চেষ্টা বলে অপপ্রচার করা হচ্ছে।

অন্যদিকে, কংগ্রেস, বিজেপির বাংলা ভাগের চক্রান্তের অভিযোগে আজ কলকাতায় বিক্ষোভ কর্মসূচি পালন করে। দক্ষিণ কলকাতা জেলা কংগ্রেস কমিটির সভাপতি প্রদীপ প্রসাদের নেতৃত্বে প্রদেশ কংগ্রেসের নেতা, কর্মী ও সমর্থকরা আজ হাজরা মোড়ে বিক্ষোভ দেখায়।

---------------------------

স্বাস্থ্য পরিকাঠামো সহ বিভিন্ন ক্ষেত্রে উত্তরবঙ্গের প্রতি বঞ্চনার প্রতিবাদে বিজেপি বিধায়করা আজ বিধানসভায় আম্বেদকর মূর্তির পাদদেশে ধর্না অবস্থানে বসে। বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী জানান, অধ্যক্ষের অনুমোদন নিয়েই তারা এই ধর্নায় সামিল হন। তিনি অভিযোগ করেন, উত্তরবঙ্গে কেন্দ্রীয় সরকার এমইস গড়ে তুলতে চাইলেও রাজ্য সরকার জমি দেয়নি। ২৯টি রেল প্রকল্প এবং বাগডোগরা বিমানবন্দরের সম্প্রসারণে জমি দেয়নি। মালদা, দুই দিনাজপুর সহ উত্তরবঙ্গের বিস্তীর্ণ এলাকার মানুষ নদী ভাঙনে জর্জরিত। নদী ভাঙ্গন রুখতে রাজ্য সরকার কোন ব্যবস্থা নেয়নি। মুখ্যমন্ত্রী

সেখানে সচিবালয় গড়ে তুললেও কোন কাজ হয় না। উত্তরবঙ্গ উন্নয়ন দপ্তরের বরাদ্দও কমিয়ে দেওয়া হয়েছে। তাই বিভিন্ন পরিষেবা পেতে উত্তরবঙ্গের মানুষকে অর্থ ব্যয় করে কলকাতায় আসতে হয়।

এদিকে, বিধানসভায় বিজেপি পরিষদীয় দলের মুখ্য সচেতক শঙ্কর ঘোষ এই অবস্থানে যোগ দিয়ে বলেন, উত্তরবঙ্গের মানুষ দয়া চায় না। সমানাধিকার চায়।

বাইট

--------------------------

পিছিয়ে পড়া শ্রেণীগুলির মধ্যে যারা আরও বেশি প্রান্তিক তাদের সংরক্ষণের সুবিধা দিতে রাজ্যগুলি, তপশিলি জাতি উপজাতিদের মধ্যে উপগোষ্ঠী তৈরি করতে পারবে। সুপ্রিম কোর্টের প্রধান বিচারপতি ডি ওয়াই চন্দ্রচূড়ের নেতৃত্বাধীন সাত বিচারপতির সাংবিধানিক বেঞ্চ আজ ৬-১ সংখ্যাগোরিষ্ঠতায় জানিয়েছেন, পৃথক সংরক্ষণ দেওয়ার জন্য তপশীলি জাতি ও উপজাতিগুলির উপগোষ্ঠীগত বিভাজন অনুমোদনযোগ্য। এই রায়ের সঙ্গে সহমত হননি বিচারপতি বেলা এম ত্রিবেদী। তপশীলিভুক্ত শ্রেণীগুলির মধ্যে সংরক্ষণের উদ্দেশে উপগোষ্ঠী তৈরীর কোনো ক্ষমতা রাজ্য সরকারগুলির নেই বলে শীর্ষ আদালতের ২০০৪-এর রায়, বেঞ্চ আজ খারিজ করে দেন।

প্রধান বিচারপতি চন্দ্রচূড় বলেন, সংরক্ষণ, গুণমানের বিরুদ্ধে নয়। পদ্ধতিগত যে বৈষম্যের মুখোমুখি হন তপশীলি জাতি ও উপজাতিভুক্ত মানুষ, তাতে উন্নতির সিঁড়ি বেয়ে বেশীরভাগ সময়েই তাঁরা ওপরে উঠতে পারেন না। অনগ্রসর শ্রেণীর মধ্যে উপগোষ্ঠীগত বিভাজন, সংবিধানের ১৪ নম্বর ধারায় পরিপন্থী নয় বলেও শীর্ষ আদালত জানিয়ে দিয়েছে। একইসঙ্গে প্রধান বিচারপতি বলেছেন, রাজ্যগুলি এক্ষেত্রে ইচ্ছেমতো অথবা রাজনৈতিক তাগিদে কোনো কাজ করতে পারবে না। তাদের সিদ্ধান্ত পর্যালোচনা করতে পারবে বিচার বিভাগ।

অন্যদিকে, এই রায়ের সঙ্গে ভিন্নমত ব্যক্ত করে বিচারপতি বেলা এম ত্রিবেদী বলেন, SC/ST-দের মধ্যে রাজ্যগুলির উপগোষ্ঠী তৈরী করা, সংবিধানের ৩৪১ ধারার পরিপন্থী।

এই রায় দেওয়ার সময় সুপ্রিম কোর্ট, তপশিলি জাতিদের মধ্যে ক্রিমি লেয়ার বা সম্পন্ন অংশকে সংরক্ষণের সুবিধার আওতা থেকে বাদ দেওয়ার প্রয়োজনের কথা বলে। বর্তমানে অন্যান্য অনগ্রসর শ্রেণীর ক্ষেত্রেই কেবল সম্পন্ন অংশকে সংরক্ষণের সবিধা থেকে বাদ দেওয়া হয়ে থাকে।

--------------------------

কলকাতা হাইকোর্ট, প্রধানমন্ত্রী আবাস যোজনায় অস্বচ্ছতার অভিযোগে রাজ্য সরকারের কাছ থেকে রিপোর্ট তলব করেছে। দক্ষিণ ২৪ পরগণার মগরাহাট ১ নম্বর ব্লকের উত্তরকুসুম গ্রাম পঞ্চায়েত এলাকায় প্রধানমন্ত্রী আবাস যোজনায় কারচুপি ও টাকা নয়ছয়ের অভিযোগে জনস্বার্থ মামলা দায়ের করা হয় হাইকোর্টে। প্রধান বিচারপতি টি এস শিবজ্ঞানম ও বিচারপতি হিরণ্ময় ভট্টাচার্যের ডিভিশন বেঞ্চ আজ এই মামলায় রাজ্য সরকারকে ৬ সপ্তাহের মধ্যে রিপোর্ট জমা দেওয়ার নির্দেশ দিয়েছে।

--------------------------

পশ্চিম মেদিনীপুরের চন্দ্রকোনাতে ইস্পাত কারখানার জন্য সৌরভ গঙ্গোপাধ্যায়কে জমি দেওয়া নিয়ে কলকাতা হাইকোর্টে একটি জনস্বার্থ মামলা দায়ের হয়েছে। প্রধান বিচারপতি টি এস শিবজ্ঞানম এবং বিচারপতি হিরণ্ময় ভট্টাচার্যের ডিভিশন বেঞ্চ আজ নির্দেশ দিয়েছে, চিটফান্ড সংক্রান্ত মামলার শুনানির জন্য বিশেষ বেঞ্চে এই মামলার শুনানি হবে। বর্তমানে বিচারপতি জয়মাল্য বাগচী এবং বিচারপতি গৌরাঙ্গ কান্তের বিশেষ বেঞ্চে চিটফান্ড সংক্রান্ত মামলার শুনানি হচ্ছে।

উল্লেখ্য, ফ্রেন্ডসিটি তৈরির জন্য রাজ্য সরকার প্রয়াগ গোষ্ঠীকে ৭৫০ একর জমি দিয়েছিল। কিন্তু চিটফান্ড কেলেঙ্কারিতে ওই সংস্থার নাম জড়ায়। পরে রাজ্য সরকার ঐ সম্পত্তি বাজেয়াপ্ত করে। এরই মধ্যে ওই জমিতেই কারখানা বানানোর জন্য সৌরভকে এক টাকার বিনিময়ে ৩৫০ একর জমি দেওয়ার সিদ্ধান্ত হয়েছে। আগের বিষয়টি নিষ্পত্তি না হওয়া সত্ত্বেও কেন প্রয়াগ গোষ্ঠীর বাজেয়াপ্ত হওয়া সম্পত্তি আবার অন্য কাউকে দেওয়া হচ্ছে, সেব্যাপারে প্রশ্ন তুলে হাইকোর্টে এই জনস্বার্থ মামলা দায়ের করেন এক ব্যক্তি।

--------------------------

প্রেসিডেন্সি বিশ্ববিদ্যালয়ে আপাতত কোনো ফি বৃদ্ধি হচ্ছে না। ছাত্র সংগঠন এসএফআই সূত্রে জানা গেছে, প্রায় ১৪০ ঘণ্টা অবস্থান এবং গতকাল সন্ধ্যা থেকে আজ দুপুর পর্যন্ত প্রায় ২০ ঘণ্টা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য, অধ্যাপক নির্মাল্য নারায়ন চক্রবর্তী ঘেরাও থাকার পর, প্রেসিডেন্সির পড়ুয়ারা ফি বৃদ্ধি না হওয়ার পক্ষে কর্তৃপক্ষের কাছ থেকে তাদের দাবি আদায় করতে পেরেছে। একই সঙ্গে ২০২৪-২৫ শিক্ষাবর্ষেও ফি বৃদ্ধির প্রস্তাব এলে সেখানেও পড়ুয়াদের অবহিত না করে কোনো পদক্ষেপ নেওয়া যাবে না বলে পড়ুয়ারা কর্তৃপক্ষকে জানিয়ে দিয়েছে। SFI এটিকে আন্দোলনের জয় হিসাবে উল্লেখ করেছে।

আগেই জানানো হয়েছে, প্রেসিডেন্সি বিশ্ববিদ্যালয়ের এই ফি বৃদ্ধি নিয়ে পড়ুয়াদের মধ্যএ তীব্র অসন্তোষ দেখা দেয়।

--------------------------

গাঙ্গেয় পশ্চিমবঙ্গ ও সংলগ্ন দক্ষিণ বাংলাদেশের ওপর সৃষ্ট ঘূর্ণাবর্ত এবং মৌসুমী অক্ষরেখার প্রভাবে কলকাতা সহ দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলায় বৃষ্টি হচ্ছে। আগামীকাল পর্যন্ত দক্ষিণবঙ্গের বেশিরভাগ জায়গায়তেই হাল্কা থেকে মাঝারি বৃষ্টির সম্ভাবনা। শনি ও

রবিবারও অনেক জায়গায় বৃষ্টি হবে। আজ ভারি থেকে অতিভারি বৃষ্টির পূর্বাভাস রয়েছে দুই ২৪ পরগণা, দুই বর্ধমান, হুগলী, বাঁকুড়া ও বীরভূম জেলায়। অন্যান্য জেলাতেও দু-এক জায়গায় ভারি বৃষ্টি হতে পারে।

উত্তরবঙ্গের জেলাগুলিতে আজ ও আগমীকাল ভারি বৃষ্টির সতর্কতা থাকছে।

এদিকে ঘূর্ণাবর্তের জেরে উপকূলবর্তী এওলাকাগুলিতে ঘন্টায় ৪০ থেকে ৫০ কিলোমিটার পর্যন্ত বেগে ঝোড়ো হাওয়া বয়ে যেতে পারে। সমুদ্রও উত্তাল থাকার সম্ভাবনা। মৎস্যজীবীদের আগামী ২৪ ঘন্টা সাগরে না যাওয়ার পরামর্শ দেওয়া হয়েছে। টানা বৃষ্টিতে দক্ষিণ ২৪ পরগণার কাকদ্বীপ, ক্যানিং সহ বিভিন্ন নীচু এলাকা জলমগ্ন। আজ সকালে ৮ টা পর্যন্ত জেলায় বৃষ্টি হয়েছে ২৬ মিলিমিটার। লাগাতার এই বর্ষণের ফলে বৃষ্টির ঘাটতি কিছুটা কমবে বলে কৃষি দপ্তরের অনুমান। জেলার উপ কৃষি অধিকর্তা গোপালচন্দ্র মান জানিয়েছেন, এই জেলায় আমন ধান রোয়ার কাজ শেষ হয়েছে ৫০ শতাংশ। একমাসের মধ্যেই বাকি রোপনের কাজও শেষ হবে বলে তিনি আশা প্রকাশ করেন।

চলতি মরশুমে দক্ষিণ বঙ্গে লাগাতার বৃষ্টি ঘাটতির জেরে ধান চাষের উদ্ভূত সংকট গত দুদিনের বৃষ্টিতে অনেকটাই কেটে গেছে বলে কৃষিমন্ত্রী শোভনদেব চট্টোপাধ্যায় বিধানসভায় আজ সাংবাদিকদের প্রশ্নের উত্তরে জানিয়েছেন।

কলকাতায় গত ২৪ ঘন্টায় বৃষ্টি হয়েছে ৩৬ দশমিক ৬ মিলিমিটার।

বৃষ্টিতে তাপমাত্রাও বেশ কিছুটা কমেছে। কলকাতায় আজ সর্বোচ্চ তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ২৮ দশমিক ৩ ডিগ্রি সেলসিয়াস, স্বাভাবিকের তুলনায় ৪ দশমিক ২

ডিগ্রি সেলসিয়াস কম। সকালের সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৬ দশমিক ৯ ডিগ্রি সেলসিয়াস।

--------------------------

বৃষ্টির দরুণ উত্তরবঙ্গের কালিম্পং-এ আজ বিকেলে তিন জায়গায় ধস নামে। বেলা সাড়ে তিনটে থেকে চারটের মধ্যে আঠাশমাইল, উনত্রিশমাইল ও বিরিকদারা এই তিন জায়গায় ধস নামে বলে পুলিশ সূত্রে জানা গেছে। এর ফলে ১০ নম্বর জাতীয় সড়ক বন্ধ করে দেওয়া হয়েচে। গাড়ি অন্য থে ঘুরিয়ে দেওয়া হচ্ছে।

--------------------------

মোহনবাগান অস্ট্রেলিয়ার ফুটবলার দিমিত্রি পেত্রাতোসের আরো দু বছরের চুক্তি হয়েছে। গত মরসুমে আইএসএলে পেত্রাতোস সবচেয়ে বেশি গোল করে সোনার বুট জিতে নিয়েছিলেন। মোহনবাগান ক্লাবের পক্ষ থেকে আজ এ খবর জানানো হয়েছে।

উল্লেখ্য, ২০২২ সালে পেত্রাতোস মোহনবাগান দলে সই করেছিলেন। সবুজ মেরুন দলের গত মরসুমে আইএসএল ট্রফি, ডুরান্ড কাপ জয়ের নেপথ্যে পেত্রাতোসের বড় ভূমিকা ছিলো।

-------------------------- --------------------------